



অধ্যক্ষের কার্যালয়

EIIN : 111914

ময়মনসিংহ মহাবিদ্যালয় MYMENSINGH COLLEGE

৪২/২, রামবাবু রোড (নতুন বাজার), ময়মনসিংহ

(স্থাপিত : ১৯৬৫ খ্রিঃ)

www.mymensinghcollege.edu.bd

জাতীয় বিশ্ববিদ্যালয় কোড : ৫২০৫
কারিগরি বোর্ড (বিএমটি) কোড : ৫৭০৫৯
জেলা কোড : ৫২
টেলিফোন : ০২৯৯৬৬৬৭৪৯৭
E-mail: mymensinghmohavidyaya@gmail.com
mymensinghcollege130@gmail.com

তারিখ : ০৫/১১/২০২৩খ্রি.

নোটিশ

২০২৩-২৪ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির নিয়মিত শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যে সকল শিক্ষার্থী প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক উপবৃত্তির জন্য আবেদন করতে ইচ্ছুক তারা কলেজ কার্যালয় হতে সরবরাহকৃত নির্ধারিত ফরম/কলেজ ওয়েব সাইট হতে ডাউনলোডকৃত ফরম পূরণ পূর্বক নিম্নোক্ত শর্তাবলী অনুযায়ী প্রয়োজনীয় কাগজপত্রাদি সহ কলেজ কার্যালয়ে জমা দিতে হবে।

আবেদনের সময়সীমা : ১২/১১/২০২৩ খ্রি. হতে ১৬/১১/২০২৩ খ্রি.

*** আবেদনের শর্তাবলী :

- ১। প্রতিবন্ধী, এতিম, অসচ্ছল মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনী, নদী ভাঙ্গন কবলিত দুস্থ পরিবারের সন্তান, দরিদ্র শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। (আবেদনের সাথে প্রমানপত্র দিতে হবে)
 - ২। যদি কোন শিক্ষার্থী অন্য কোন সরকারি উৎস হতে উপবৃত্তি, অভিভাবক কর্তৃক শিক্ষাভাতা গ্রহণ করলে তাদেরকে আবেদন করার প্রয়োজন নেই।
 - ৩। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন বিএমটি কোর্সের শিক্ষার্থীরা উপবৃত্তি কর্মসূচি আওতাভুক্ত হবে না।
- নির্ধারিত ফরমের সাথে প্রয়োজনীয় কাগজপত্রাদি (ফরমের সাথে ক্রমানুসারে সংযুক্তি করতে হবে):**
- ১। নির্ধারিত আবেদন ফরম।
 - ২। সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি (১ কপি)।
 - ৩। শিক্ষার্থীর ডিজিটাল জন্মনিবন্ধন সনদের ফটোকপি (১৭ ডিজিট)।
 - ৪। পিতা-মাতার NID এর ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যা)।
 - ৫। পিতা-মাতার অবর্তমানে অভিভাবকের NID এর ফটোকপি।
 - ৬। SSC পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও ফলাফলের ফটোকপি।
 - ৭। শিক্ষার্থী অথবা অভিভাবক প্রতিবন্ধী হলে প্রমান পত্র।
 - ৮। শিক্ষার্থী অসচ্ছল মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনী হলে প্রমান পত্র।
 - ৯। শিক্ষার্থীর পরিবার নদী ভাঙ্গন কবলিত, শিক্ষার্থী দুস্থ পরিবারের সন্তান ও দরিদ্র শিক্ষার্থী (অভিভাবক দোকান, হাঁস মুরগীর খামার, পরিবহন ব্যবসা, মৎস্য খামার, কৃষিকাজ, অন্যান্য কাজে নিযুক্ত থাকলে) মাসিক আয় সহ ওয়ার্ড কমিশনার/চেয়ারম্যান মহোদয়ের নিকট হতে প্রমাণ পত্র।
 - ১০। শিক্ষার্থী অথবা অভিভাবক দীর্ঘমেয়াদী রোগে আক্রান্ত থাকলে তার প্রমাণ পত্র।
 - ১১। শিক্ষার্থীর অভিভাবক (পিতা/মাতা/অন্যান্য) জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে খোলা সচল/বৈধ মোবাইল ব্যাংকিং অথবা ব্যাংক একাউন্ট নম্বর।
 - ১২। পিতাকে অভিভাবক নির্বাচিত করলে পিতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে একাউন্ট খুলতে হবে। যদি মাতাকে অভিভাবক নির্বাচন করা হয় তাহলে মাতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে একাউন্ট খুলতে হবে। যদি পিতা/মাতার অবর্তমানে অন্য কোন ব্যক্তিকে অভিভাবক হিসাবে নির্বাচিত করলে তার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে একাউন্ট খুলতে হবে।
 - ১৩। স্কুল ব্যাংকিং/এজেন্ট ব্যাংকিং এর ক্ষেত্রে যার নামে একাউন্ট খোলা হয়েছে হিসাবধারীর নাম হিসাবে তাঁর নাম এন্ট্রি করতে হবে। এজেন্ট ব্যাংকিং একাউন্ট নম্বর ব্যবহার করার ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংকের এজেন্ট ব্যাংকের শাখার নাম প্রদান করতে হবে।

(অসম্পূর্ণ আবেদন গ্রহণযোগ্য হবে না এবং অনলাইনে প্রেরণ করা হবে না)

এস.এম.সফিকুল হায়দর

অধ্যক্ষ

ময়মনসিংহ মহাবিদ্যালয়, ময়মনসিংহ